# এমবাপ্পে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি, ক্লাব বিশ্বকাপে অনিশ্চিত উপস্থিতি




কিলিয়ান এমবাপ্পে : সংগৃহীত

ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে শারীরিক অসুস্থতার কারণে ক্লাব বিশ্বকাপে অংশ নিতে পারেননি। তার দল রিয়াল মাদ্রিদ চূড়ান্ত প্রস্তুতি নেওয়ার সময়েই এমবাপ্পের হালকা জ্বর ও দুর্বলতা দেখা দেয়। চিকিৎসকরা প্রাথমিকভাবে বিশ্রামের পরামর্শ দিয়েছেন এবং টুর্নামেন্টে অংশ নেওয়া আপাতত অনিশ্চিত বলেই মনে করা হচ্ছে।

গতকাল বৃহস্পতিবার (১৯ জুন) এমবাপ্পের শারীরিক অবস্থা নিয়ে আনুষ্ঠানিক বিবৃতি দিয়েছে রিয়াল মাদ্রিদ ক্লাব কর্তৃপক্ষ। বিবৃতিতে তার সুস্থতা নিয়ে বাড়তি নজর রাখছে মেডিকেল টিম এমনটাই জানিয়েছে।

বিবৃতিতে রিয়াল ক্লাব কর্তৃপক্ষ আরও জানিয়েছে, ফরাসি ফরোয়ার্ড কিলিয়ান এমবাপ্পেকে হাসপাতালে ভর্তি করা হয়েছে অ্যাকুইট গ্যাস্ট্রোএন্টেরাইটিসে আক্রান্ত হয়ে। হাসপাতালে তার বিভিন্ন শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করা হবে এবং সে অনুযায়ী চিকিৎসা চলবে। অ্যাকুইট গ্যাস্ট্রোএন্টেরাইটিস মূলত পেটের ফ্লু নামে পরিচিত। এটি ভাইরাস বা ব্যাকটেরিয়ার সংক্রমণের কারণে হয়ে থাকে। এই রোগে আক্রান্ত হলে সাধারণত ডায়রিয়া, বমি, পেটব্যথা এবং জ্বরের মতো উপসর্গ দেখা দেয়।

ক্লাব বিশ্বকাপের মতো গুরুত্বপূর্ণ আসরে এমবাপ্পের অনুপস্থিতি রিয়াল মাদ্রিদের জন্য একটি বড় ধাক্কা হিসেবেই বিবেচিত হচ্ছে। যদিও ক্লাব সূত্র জানিয়েছে, এমবাপ্পের অবস্থা গুরুতর নয় এবং প্রয়োজন হলে পরবর্তী ম্যাচে তার অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, সম্প্রতি এমবাপ্পে রিয়াল মাদ্রিদে যোগ দেওয়ার পর থেকেই চমৎকার ফর্মে রয়েছেন। তার অনুপস্থিতি দলের আক্রমণভাগে প্রভাব ফেলতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।